

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ০৪/২০১৩

তারিখঃ ০২/০১/২০১৩খ্রিঃ।

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

১৯ পৌষ, ১৪১৯ বাংলা।

চট্টগ্রাম বন্দরে ডেলিভারী শ্রমিকদের ২০% মজুরি বৃদ্ধি সংক্রান্ত চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের দপ্তরাদেশ নং-৯১/২০১২ তারিখঃ ১০/১২/২০১২ইং সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল। এই দপ্তরাদেশ ০১/০১/১৩ইং হতে কার্যকর করা হয়েছে। ২০% মজুরী বৃদ্ধির সিদ্ধান্ত পুনঃ বিবেচনার জন্য অত্র এসোসিয়েশন পত্র মাধ্যমে অনুরোধ জানিয়েছে। ২০% বর্ধিত বিভিন্ন শ্রমিকদের মজুরী তালিকা (বন্দর কর্তৃক সরবরাহকৃত) অত্র এসোসিয়েশনের প্রধান দপ্তরে সংরক্ষিত আছে। সম্মানিত সদস্য প্রতিষ্ঠান সমূহকে প্রয়োজনে তা এসোসিয়েশনের প্রধান দপ্তর হতে সংগ্রহ করার জন্য আদেশক্রমে অনুরোধ জানাচ্ছি।

স্বাক্ষরিত/-
এম রহমান
উপ সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (পরিবহন) এর দপ্তর

দপ্তরাদেশ নং-৯১/২০১২

তারিখ-১০/১২/২০১২ইং।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সচিব, চবক এর দপ্তরাদেশ নামা নং-৮২/২০১২, তারিখ- ৮/৮/২০১২ইং মূলে গঠিত কমিটির সুপারিশ এবং চবক বোর্ড সিদ্ধান্ত নং- ১৪১৮৩/২০১২, তারিখ-০৯/১২/২০১২ইং অনুযায়ী চট্টগ্রাম বন্দরের বার্থ/টার্মিনাল/শিপ হ্যান্ডলিং অপারেটরদের অধীনে বন্দরের তালিকাভুক্ত ও কর্মরত ডক শ্রমিক, ল্যান্ডিং/আনল্যান্ডিং শ্রমিক ডেলিভারী শ্রমিকদের (মার্চেন্ট শ্রমিক) ও স্ট্রিভিডোরিং কর্মচারীদের মজুরী/ভাতা এতদসঙ্গে সংযুক্ত তালিকা মতে ২০% বৃদ্ধি করা হলো।

এ আদেশ ০১/০১/২০১৩ইং তারিখ থেকে কার্যকর হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

সংযুক্ত ৪- পরিশিষ্ট- ক, খ, গ, ঘ, ঙ ও চ
পরিশিষ্টে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে
পরবর্তীতে সংশোধন ও সংযোজন করা হবে।

স্বাঃ/-
পরিচালক(পরিবহন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং-পপশ/শ্রমিক/কর্মচারীর মজুরী/২০১০/১৮২৮

তারিখ-১০/১২/২০১২ইং।

পৃষ্ঠা নং- ০৪